কাজেম আলী স্কুল এন্ড কলেজ

দ্বিতীয় মূল্যায়ন পরীক্ষা-২০২১

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ২৭৭

সময় ঃ ১:২০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের প্রশ্নের মান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোন ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। বিদেশফেরত মি. মুরাদ ১০০ জন নারী কর্মী নিয়ে এলাকায় একটি কুটির শিল্প গড়ে তোলেন। প্রথমে তার পণ্যের চাহিদা ভালো থাকলেও বর্তমানে তিনি প্রতিযোগিতায় টিকে থাকতে পারছেন না। এ সমস্যা উত্তরণে দরকার শিল্পে আধুনিক প্রযুক্তি স্থাপন। এজন্য তিনি প্রয়োজনীয় মূলধন সংগ্রহে স্থানীয় ব্যাংকের সাথে যোগাযোগ করলেন। ব্যাংক কর্তৃপক্ষের সহযোগিতার আশ্বাস পেয়ে তিনি খুব খুশি।

ক. আইনগত পরিবেশ কী? ১
খ. প্রযুক্তিগত পরিবেশ শিল্পে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. মি. মুরাদের কার্যক্রম মালিকানার ভিত্তিতে কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩
ঘ. "অর্থনৈতিক পরিবেশের উপাদানই মি. মুরাদকে আশার আলো দেখিয়েছে"- উদ্দীপকের আলোকে তা মূল্যায়ন করো। ৪

২। জনাব রশিদ কুষ্টিয়ার একজন চাল ব্যবসায়ী। তিনি চাল আমদানি করে বাছাই করেন এবং পরবর্তী সময়ে বিভিন্ন ভাগে ভাগ করে নিজস্ব গুদামে সংরক্ষণ করেন। তার গুদামে বর্তমানে ২ হাজার মে. টন চাল মজুদ আছে। কিন্তু বাজারে চালের দাম কমে যাওয়াতে তিনি চিন্তিত হয়ে পড়েন। পরবর্তী সময়ে তিনি গুদামের চাল প্যাকেটজাত করে মধ্যপ্রাচ্যে বাজারজাতকরনের উদ্যোগ নেন।

ক. বাণিজ্য কী? ১
খ. ব্যবসায় উদ্যোগ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. রশিদ চাল বস্তায় ভরার আগে ব্যবসায়ের কোন কাজ সম্পাদন করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে জনাব রশিদের মধ্যপ্রাচ্যে চাল বাজারজাতকরণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩। সাগুফতা ও শহীদা দুই বান্ধবী বোঝাপড়া করে চুক্তির মাধ্যমে আগামী পাঁচ বছরের জন্য একটি বুটিক হাউজ গড়ে তুলেছেন। বুটিক হাউজের ব্যবসায় সফল হওয়ায় তাদের মূলধন কয়েকগুণ বেড়েছে। কিন্তু তাদের একজন ক্রেতা শারমিনের কাছে পাওনা ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বার বার তাগাদা দিয়েও আদায় করা সম্ভব হচ্ছে না। এমনকি আদালতের আশ্রয় নিতেও তারা ব্যর্থ হচ্ছে।

ক. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী? ১

খ. অংশীদারদের অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপক অনুযায়ী ব্যবসায়টি কোন ধরনের অংশীদারি ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. কেন দুই বান্ধবী পাওনা আদায়ে আদালতের আশ্রয় নিতে ব্যর্থ হচ্ছে? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৪। নিচের ছকটি পর্যবেক্ষণ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও-

- ন্যায্যমূল্যে পণ্য সরবরাহ
- বাস্তবধর্মী পরিকল্পনা গ্রহণ
- দূর্নীতি ও স্বজনপ্রীতি রোধ
- সমবায় বিভাগের উন্নয়ন
- সুষ্ঠু সমন্বয়

ক. সমবায় সমিতি কী? ১

খ. ‘একতাই বল’ সমবায়ের এ মূলনীতি ব্যাখ্যা করো। ২

গ. ছকের বিষয়াবলি কীভাবে সমবায় ব্যবসায়ের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বাংলাদেশে সমবায় বিকাশের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

বহুনির্বাচনী প্রশ্ন

১। খনি থেকে কয়লা উত্তোলন কোন ধরনের শিল্প?
ক) প্রজনন খ) নিস্কাশন গ) প্রক্রিয়াভিত্তিক ঘ) যৌগিক

২। ব্যবসায়ের মূল উদ্দেশ্য কোনটি?
ক) সেবা দান খ) মুনাফা অর্জন গ) সম্পদ অর্জন ঘ) প্রতিষ্ঠিত হওয়া

৩। শিল্প কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) স্বত্বগত খ) রূপগত গ) স্থানগত ঘ) সময়গত

৪। কোনটি প্রাথমিক শিল্পের অন্তর্ভুক্ত?
ক) প্রজনন খ) বিশ্লেষণ গ) নির্মাণ ঘ) সেবা পরিবেশক

৫। ‘জনসংখ্যা’ কোন পরিবেশের উপাদান?
ক) সামাজিক খ) অর্থনৈতিক গ) রাজনৈতিক ঘ) প্রাকৃতিক

৬। দেশের আইন- শৃঙ্খলা পরিস্থিতি কোন পরিবেশের মধ্যে পড়ে?
ক) সামাজিক খ) অর্থনৈতিক গ) রাজনৈতিক ঘ) প্রাকৃতিক

❍ উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
‘ক’ দেশটিতে এখন আর হরতালের কোনো গুরুত্ব নেই।এ কারণে ব্যবসায় পরিবেশ উন্নত হয়েছে

৭। উদ্দীপকে মূলত কোন পরিবেশ সম্পর্কে আলোকপাত করা হয়েছে?
ক) রাজনৈতিক খ) সামাজিক গ) অর্থনৈতিক ঘ) আইনগত

৮। উদ্দীপকের ব্যবসায় পরিবেশের যেসব উপাদানের উন্নতি হবে-
i. প্রাকৃতিক ii. রাজনৈতিক iii. অর্থনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ)i,iiও iii

৯। কোনটি পৃথিবীর সবচেয়ে প্রাচীন ব্যবসায় সংগঠন?
ক) সমবায় খ) অংশীদারি গ) কোম্পানি ঘ) একমালিকানা

১০। একমালিকানা ব্যবসায়ের সাথে অংশীদারি ব্যবসায়ের কোন সাদৃশ্য দেখা যায়?
ক) সীমিত মূলধন খ) অসীম দায়
গ) মুনাফা অর্জন ও বন্টন ঘ) মালিকানা ও ব্যবস্থাপনা

১১। আইনগত আনুষ্ঠানিকতা পালনমুক্ত কোন ব্যবসায় সংগঠন
ক) একমালিকানা খ) প্রাইভেট লি. কোং গ) পাবলিক লি. কোং ঘ) সমবায় সমিতি

১২। অংশীদারি চুক্তি কখন আইনগত দলিলে পরিণত হয়?
ক) লিখিত হলে খ) মৌখিক হলে
গ) নিবন্ধিত হলে ঘ) নিবন্ধনের জন্য আবেদন করলে

১৩। অংশীদারি ব্যবসায়ের কোন বৈশিষ্ট্যের কারণে একজন অংশীদার অন্য অংশীদারের সম্পাদিত কাজের জন্য দায়বদ্ধ হয়?
ক) যৌথ পরিচালনার সুযোগ খ) আইনগত সত্তার অনুপস্থিতি
গ) পারস্পরিক প্রতিনিধিত্ব ঘ) পারস্পরিক আস্থা ও বিশ্বাস

১৪। অংশীদারি চুক্তিপত্র হতে পারে-
i. মৌখিক ii. লিখিত iii. নিবন্ধিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ)i,iiও iii

১৫। লিখিত চুক্তিতে কী বলা হয়?
ক) নিবন্ধনপত্র খ) চুক্তিপত্র গ) বিবরণপত্র ঘ) শেয়ার

১৬। সমবায়ের শাব্দিক অর্থ কী?
ক) সম্মিলিত প্রচেষ্টা খ) একতা গ) সহযোগিতা ঘ) সমঅধিকার

১৭। পৃথিবীর কোন দেশে আনুষ্ঠানিকভাবে প্রথম সমবায় সমিতি গঠিত হয়?
ক) জাপান খ) যুক্তরাজ্য গ) যুক্তরাষ্ট্র ঘ) চীন

১৮। সমবায় সমিতির মুখ্য উদ্দেশ্য কোনটি?
ক) বৃহদায়তন ব্যবসায় প্রতিষ্ঠা খ) মুনাফা বৃদ্ধি করা
গ) সদস্যদের আর্থিক কল্যাণ সাধন করা ঘ) সদস্যদের ঋণের সুযোগ সৃষ্টি

১৯। সন্দীপের জেলেরা ন্যায্যমূল্যে পণ্য প্রাপ্তির আশায় সমবায়ের ভিত্তিতে একটি সংগঠন গড়ে তোলে। বছর শেষে তারা পাঁচ লক্ষ টাকা মুনাফা অর্জন করে। সমিতির সদস্যরা অর্জিত মুনাফার কত টাকা বাধ্যতামূলকভাবে সংরক্ষিত তহবিলে জমা রাখবে?
ক) ৭০,০০০ খ) ৮৫,০০০ গ) ৮০,০০০ ঘ) ৭৫,০০০

২০। আখ থেকে চিনি উৎপাদন কোন শিল্পের অন্তর্গত?
ক) সংযোজন খ) যৌগিক গ) বিশ্লেষণ ঘ) প্রক্রিয়াভিত্তিক